

## বাকুবিতে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার আশ্বাস শিক্ষামন্ত্রীর

### ■ সমকাল প্রতিবেদক

ময়মনসিংহের বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) শিক্ষার স্বাভাবিক ও সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার আশ্বাস দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বাকুবির সরকার সমর্থিত গণতান্ত্রিক শিক্ষক ফোরামের সভাপতি ও সাধারণ সম্পাদকের নেতৃত্বে ১০ সদস্যবিশিষ্ট প্রতিনিধি দল গতকাল মঙ্গলবার শিক্ষামন্ত্রীর সঙ্গে মন্ত্রণালয়ের সভাকক্ষে সাক্ষাৎ করে। তারা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বিরুদ্ধে উত্থাপিত অনৈতিক কর্মকাণ্ড বিতর্কিত ৩০৭ কর্মচারী নিয়োগসহ নানা অভিযোগ তুলে ধরেন।

প্রতিনিধি দলে ছিলেন গণতান্ত্রিক শিক্ষক ফোরামের সভাপতি প্রফেসর ড. এ. কে. এম. শামসুদ্দীন, সাবেক উপাচার্য প্রফেসর ড. মো. শহীদ উল্লাহ তালুকদার প্রমুখ।